



# জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

Jalalabad Gas Transmission and Distribution System Limited

পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)

গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

তারিখ: ১৫/০৬/২০২৩

বিষয়: "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) মোতাবেক কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিতরণ কার্যালয় (মৌলভীবাজার, শ্রীমঞ্জল, কুলাউড়া, জুড়ী অফিস) এর সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন

মহাব্যবস্থাপক, অপারেশন ডিভিশন (চ.দা) ও আহবায়ক, "কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটি।

তারিখ : ১৪ জুন ২০২৩।

সময় : সকাল ১১.৩০ টা।


স্থান : আঞ্চলিক বিতরণ কার্যালয় শ্রীমঞ্জল, কালীঘাট রোড, শ্রীমঞ্জল, মৌলভীবাজার, সিলেট।

উপস্থিত সদস্য : কমিটির সকল সদস্যবৃন্দ ও আবিিকা সমূহ থেকে আগত কর্মকর্তা বৃন্দ।

কোম্পানির আঞ্চলিক বিতরণ কার্যালয় শ্রীমঞ্জল, সিলেট-এ গত ১৪ জুন ২০২৩ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক, অপারেশন ডিভিশন এর সভাপতিত্বে "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) মোতাবেক কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিতরণ কার্যালয় (মৌলভীবাজার, শ্রীমঞ্জল, কুলাউড়া, জুড়ী) এর সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্য বিষয়াদি ও গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণকারী
(১)	(২)	(৩)	(৪)
০১।	গ্রাহক সেবা প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে সিটিজেন চার্টারে উল্লেখিত সময়ের মধ্যে সেবা প্রদান করতে না পারলে করণীয় প্রসঙ্গে।	প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে সিটিজেন চার্টারে উল্লেখিত সময়ের মধ্যে সেবা প্রদান করতে না পারলে নির্ধারিত সময়ের পূর্বেই উক্ত গ্রাহক কে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদানের জন্য পত্র প্রদান করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	কোম্পানির আওতাধীন সংশ্লিষ্ট আবিিকা (আঞ্চলিক বিতরণ কার্যালয়)।
০২।	গ্রাহকদের আভ্যন্তরীণ লাইনে লিকেজ আছে কিনা সেটা পরীক্ষার জন্য গ্রাহক পর্যায় সতর্কতা বাড়ানো প্রসঙ্গে।	অনেক সময় দেখা যায় গ্রাহকদের আভ্যন্তরীণ জিআই লাইন পুরাতন হয়ে জাওয়ার কারণে লিকেজ দেখা দেয় জার ফলে গ্রাহক আঙিনায় দুর্ঘটনা ঘটে। এসকল দুর্ঘটনা রোধের জন্য দুই-এক বছর পরে পরে গ্রাহকদের আভ্যন্তরীণ লাইনে লিকেজ আছে কিনা সেটা পরীক্ষার জন্য গ্রাহক পর্যায় কিভাবে সতর্কতা বাড়ানো যায় সে বিষয় আলোচনা হয়।	কোম্পানির আওতাধীন সংশ্লিষ্ট আবিিকা (আঞ্চলিক বিতরণ কার্যালয়)।
০৩।	কোনো সঞ্চালন বা ডিস্ট্রিবিউশন লাইনে লিকেজ দেখা দিলে প্রাথমিকভাবে আবিিকা থেকে ক্রাম লাগিয়ে রাখা প্রসঙ্গে।	কোনো সঞ্চালন বা ডিস্ট্রিবিউশন লাইনে লিকেজ দেখা দিলে সেটা হেড অফিসের কোয়ালিটি কন্ট্রোল শাখা ঠিক করে থাকে। কিন্তু কোন আবিিকার লাইনে লিকেজ দেখা দিলে সেটা সাথে সাথে কোয়ালিটি কন্ট্রোল শাখা থেকে টিম গিয়ে ঠিক সবসময় সম্ভব হয়না তাই দুর্ঘটনা রোধের জন্য প্রাথমিকভাবে আবিিকা থেকে ক্রাম লাগিয়ে লিকেজ বন্ধ রাখার মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	কোম্পানির আওতাধীন সংশ্লিষ্ট আবিিকা (আঞ্চলিক বিতরণ কার্যালয়)।
০৪।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ ও সমৃদ্ধি করার বিষয় আবিিকা সমূহ থেকে পরামর্শ প্রদান প্রসঙ্গে।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ ও সমৃদ্ধি করার বিষয় আঞ্চলিক বিতরণ কার্যালয়ের থেকে আগত কর্মকর্তা বৃন্দের পরবর্তীতে কোন পরামর্শ থাকলে তা ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সরাসরি অথবা ই-মেইলের মাধ্যমে প্রদান করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	কোম্পানির আওতাধীন সকল আবিিকা সমূহের সকল কর্মকর্তা/কর্মচারী ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন)

মহাব্যবস্থাপক (অপারেশন)(চ.দা)

ও

আহবায়ক, "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" পরিবীক্ষণ  
ও হালনাগান করণ সংক্রান্ত কমিটি

#### বিতরণঃ

- ১। মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। "কোম্পানির গ্রাহক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" পরিবীক্ষণ ও হালনাগানকরণ সংক্রান্ত কমিটির সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ৩। ব্যবস্থাপক/আবিকা প্রধান (গোলাপগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, বিয়ানীবাজার, ছাতক, সুনামগঞ্জ).....।

#### অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। দপ্তর নথি।